

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.pressinform.gov.bd


নম্বর : ১৫.৫২.০০০০.০১১.১৮.২৩১.১৮(অংশ-৭).৪৪৫২

তারিখ : ০৮.১২.২০২০ খ্রি:

বিষয় : সেবাগ্রহীতাদের অভিযোগ/মতামত গ্রহণে গণশুনানির আয়োজন।

উপর্যুক্ত বিষয়ে তথ্য অধিদফতরের ২০২০-২০২১ অর্থবছরে গৃহীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর অংশ হিসেবে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত ব্যক্তিসহ অন্যান্য বিভিন্ন শ্রেণি/পেশার সেবাগ্রহীতাগণের অভিযোগ/সুচিত মতামত গ্রহণ এবং সেবা প্রদান পদ্ধতি আরো সহজতর করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ধারাবাহিকতায় তথ্য অধিদফতর হতে বিভিন্ন পর্যায়ের সেবা গ্রহীতাগণের সাথে প্রধান তথ্য অফিসার মহোদয়ের এক গণশুনানি আগামী ১৫.১২.২০২০ তারিখ মঙ্গলবার বেলা ১১.০০টা থেকে দুপুর ১.০০টা পর্যন্ত তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

পরিপ্রেক্ষিতে, তথ্য অধিদফতর হতে বিভিন্ন পর্যায়ের সেবা গ্রহীতাগণকে বর্ণিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত গণশুনানিতে উপস্থিত থেকে তাদের অভিযোগ/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রধান তথ্য অফিসার মহোদয়ের দাপ্তরিক টেলিফোন নম্বর- ৯৫৪৬০৯১ অথবা ব্যক্তিগত সহকারী জনাব মো. আমিনুল ইসলাম, মোবাইল নম্বর- ০১৭১২-৬১৮৮০৫ তে যোগাযোগ করা যেতে পারে।



মোহাম্মদ মাহমুদুল হাসান
সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন)

ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা ((NIS)

ফোন: ৯৫৪৬০৩৬

বিতরণ:

- ০১। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার, (প্রেস, প্রোটকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০২। উপপ্রধান তথ্য অফিসার (আরএন্ডআর), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। সিনিয়র তথ্য অফিসার, (সংস্থাপন, সমন্বয়, প্রোটকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৪। প্রশাসনিক, ক্রয়, বিতরণ কর্মকর্তা, সহ. প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা (ক্রয় কর্মকর্তা আগত ব্যক্তিবর্গের আপ্যায়নের ব্যবস্থা নিবেন)।
- ০৫। ব্যক্তিগত সহকারী, প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। ওয়েবসাইটে আপলোড/নথি।